কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
গবেষণাা-৩ অধিশাখা
www.moa.gov.bd

১২.০০.০০০০.০৬৩.২২.০০৪.১৬-৩৮৩ তারিখ : ১০/০৮/২০১৬ খ্রিঃ।

বিষয় : **"বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৬" এর উপরে মতামত প্রদান।**

সূত্র : ব্রি'র পত্র নং-এল-১৩১/১৬/২৯০০, তারিখ : ০৪/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট সংশ্লিষ্ট The Bangladesh Rice Research Institute Act, 1973'' এবং ''The Bangladesh Rice Research Institute (Amendment Ordinance) 1996'' সমন্বিত করে আইন আকারে বাংলা ভাষায় প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন, আধুনিক ও যুগোপযোগী করে "বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৬" নামে খসড়া আইন প্রস্তুত করতঃ মতামত/পরামর্শের জন্য কৃষি মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.moa.gov.bd)-এ আপলোড করা হয়েছে।

০২। প্রস্তুতকৃত খসড়া আইনের উপর স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ/সকল স্টেকহোল্ডারদের লিখিত সুপারিশ/মতামত আগামী ২১-০৮-২০১৬ তারিখের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : প্রস্তুতকৃত আইনের খসড়া ০৭ পৃষ্ঠা।

স্বা:

(হুমায়রা সুলতানা)
উপসচিব
ফোনঃ-৯৫৬৬৬৩৪
(e-mail : research3503@gmail.com)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. নির্বাহী চেয়ারম্যান, কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেইট, ঢাকা।
১০. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
১১. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা।
১২. মহাপরিচালক, কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
১৩. মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।

১২.০০.০০০০.০৬৩.২২.০০৪.১৬-৩৮৩ তারিখ : ১০/০৮/২০১৬ খ্রিঃ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):-

১. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয় (খসড়া আইনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহ)
৫. অফিস কপি।

১০.০৮.১৬

(হুমায়রা সুলতানা)
উপসচিব
ফোনঃ-৯৫৬৬৬৩৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ জাতীয় সংসদ
ঢাকা, ..., ২০১৬-০৮-২২

নং- ....।– গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ...., ২০১৬ তারিখে প্রণীত নিম্নবর্ণিত আইনটি এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত হইল।

২০১৬ সনের----------নং আইন

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট সংক্রান্ত আইন/ অধ্যাদেশ রহিতক্রমে সংশোধিত আকারে উহা পুনঃ প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ধানী জমির উন্নত চাষাবাদ প্রযুক্তি/পদ্ধতি এবং উন্নতমানের বিভিন্ন জাতের ধানের উৎপাদন ও উদ্ভাবনের জন্য এবং এতদ্ সংক্রান্ত বা উদ্ভূত আকস্মিক বিষয়ে গবেষণা পরিচালনার জন্য একটি ধান গবেষণা ইনস্টিটিউট স্থাপন করা সমীচীন;

সেহেতু এতদ্বারা **নিম্নরূপ আইন প্রণীত হইল**

১। সংক্ষিপ্ত শিরোনাম, ব্যাপ্তি ও প্রবর্তন।-

(১) এই আইন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৬ নামে অভিহিত হইবে;

(২) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে;

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে এবং মে ৫, ১৯৭৩ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা।-

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক)''আবর্তক তহবিল'' অর্থ ইনস্টিটিউটের আবর্তক তহবিল;

(খ) ''ইনস্টিটিউট'' অর্থ ধারা ৩ এর অধীন স্থাপিত বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট;

(গ) ''কর্মচারী'' অর্থ ইনস্টিটিউটের বিজ্ঞানী, কর্মকর্তা ও কর্মচারী;

(ঘ) ''কাউন্সিল'' অর্থ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন, ২০১২ (২০১২ সনের ১৩ নং আইন) দ্বারা গঠিত বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;

(ঙ) ''চেয়ারম্যান'' অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(চ)''পরিচালক'' অর্থ ইনস্টিটিউট এর পরিচালক;

(ছ) ''প্রবিধান'' অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(জ) ''বোর্ড'' অর্থ ইনস্টিটিউট এর পরিচালনা বোর্ড;

(ঝ) ''বিধি'' অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঞ) ''মহাপরিচালক'' অর্থ ইনস্টিটিউট এর মহাপরিচালক;

(ট) ''তহবিল'' অর্থ ইনস্টিটিউটের তহবিল;

(ঠ)"নির্ধারিত" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত;

(ড) "সম্পদ" অর্থে সকল অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও প্রাধিকার, সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তিসহ নগদ অর্থ, ব্যাংকস্থিতি, সংরক্ষিত তহবিল, বিনিয়োগ এবং এইরূপ সম্পত্তি হইতে উদভুত অন্যান্য সকল অধিকার ও স্বার্থ এবং সকল হিসাববহি, রেজিস্টার, রেকর্ডসমূহ এবং এতদ্‌সংক্রান্ত অন্যান্য সকল দলিল; এবং

(ঢ) "সরকার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

৩। ইনস্টিটিউট স্থাপন ও নিগমবন্ধন।-

(১) এই আইন বলবৎ হওয়ার সঙ্গে সঙ্গে "Bangladesh Rice Research Institute Act, 1973" (Act. No. X of ১৯৭৩) বলে প্রতিষ্ঠিত বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট নামে একটি ইনস্টিটিউট এই আইনের অধীনে প্রতিষ্ঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(২) ইনস্টিটিউটটি স্থায়ী ধারাবাহিকতা সম্পন্ন একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে যার একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইনের বিধান সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকার রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা নিজ নামে মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে;

(৩) ইনস্টিটিউট এর প্রধান কার্যালয় গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় জয়দেবপুরে থাকিবে।

৪। ইনস্টিটিউট এর কার্যাবলী ।-
ইনস্টিটিউট এর কার্যাবলী হইবে-

(ক) ঢাকাস্থ জয়দেবপুরে স্থাপিত সাবেক পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট এর সমুদয় সম্পদসহ দখল নেওয়া, পরিচালনা ও তত্ত্বাবধান করা;

(খ) ধান উন্নয়ন ও উৎপাদন সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর গবেষণা পরিচালনা করা;

(গ) ধানের বিভিন্ন সমস্যার উপর গবেষণা পরিচালনার জন্য বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে গবেষণা কেন্দ্র ও উপ-কেন্দ্র প্রতিষ্ঠা করা;

(ঘ) ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ধানের নতুন জাত ও প্রযুক্তি সমূহের প্রদর্শনী এবং এইসব জাতের ধান চাষাবাদে কৃষকদের প্রশিক্ষণের জন্যে প্রকল্প এলাকা প্রতিষ্ঠা করা;

(ঙ) ধান গবেষণা এবং ইনস্টিটিউট এর কার্যাবলী সম্পর্কিত বার্ষিক রিপোর্ট, মনোগ্রাফ, বুলেটিন এবং অনুরূপ অন্যান্য প্রকাশনা প্রকাশ করা;

(চ) ইনস্টিটিউটে প্রয়োজনীয় সংখ্যক গবেষণাগার ও লাইব্রেরি প্রতিষ্ঠা করা;

(ছ) ধান উৎপাদনে আধুনিক উন্নত প্রযুক্তির উপর সম্প্রসারণ কর্মকর্তা/কর্মচারী(সরকারি/বেসরকারি), ও কৃষকদের প্রশিক্ষণ প্রদান;

(জ) মানব সম্পদ উন্নয়নের উদ্দেশ্যে দেশি-বিদেশী গবেষকদের প্রশিক্ষণ প্রদান করা;

(ঝ) স্নাতকোত্তর গবেষণার সুযোগ সুবিধা সৃষ্টি করা;

(ঞ) বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান ও কেন্দ্রের বিশেষজ্ঞদের দ্বারা নির্বাচিত সমস্যাবলী সম্পর্কে মত বিনিময় এবং ধানের ক্ষেত্রে সাম্প্রতিক উদ্ভাবনের সহিত পরিচিত হওয়ার সুযোগ সৃষ্টি করার জন্য সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপের আয়োজন করা;

(ট) জলবায়ু পরিবর্তনজনিত কারণে সৃষ্ট ঝুঁকি মোকাবেলায় গবেষণা কার্যক্রম গ্রহণ করা;

(ঠ) ধান গবেষণায় জীব প্রযুক্তি (বায়োটেকনোলজি) প্রয়োগের মাধ্যমে রোগ ও পোকা-মাকড় প্রতিরোধী, খরা, লবণাক্ততা, জলাবদ্ধতা ও তাপসহ বিভিন্ন প্রতিকূল পরিবেশ সহিষ্ণু ধানের জাত ও ধান উৎপাদন বিষয়ক প্রযুক্তি উদ্ভাবন করা;

(ড) ধানের জার্মপ্লাজম সংগ্রহ, সংরক্ষণ, মূল্যায়ন এবং উন্নয়ন কার্যক্রম পরিচালনা এবং মেধাসত্ব প্রতিষ্ঠা করা;

(ঢ) কৃষি যান্ত্রিকীকরণ, পুষ্টি, সাপ্লাই এবং ভেলুচেইন উন্নয়ন, আর্থ সামাজিক উন্নয়নের উপর গবেষণা পরিচালনা করা;

(ণ) ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ধানের জাতসমূহের দ্রুত বিস্তারের লক্ষ্যে পর্যাপ্ত পরিমাণ ব্রিডার বীজ উৎপাদন ও সরবরাহ করা;

(ত) ধান গবেষণা, ও সম্প্রসারণে আইসিটি এর প্রয়োগ করা;

(থ) স্থানীয়ভাবে কৃষক কর্তৃক ব্যবহৃত বিভিন্ন ধানের জাত ও প্রযুক্তি যাচাই বাছাইয়ের মাধ্যমে উন্নয়ন সাধন করা;

(দ) বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের সাথে সাথে সামঞ্জস্যপূর্ণ শস্য-পঞ্জিকা উদ্ভাবন, প্রণয়ন ও প্রকাশ করা;

(ধ) ইনস্টিটিউট এর উদ্দেশ্য অর্জনে প্রয়োজন হইতে পারে এমন অন্যান্য সকল কার্য সম্পাদন করা।

৫। ইনস্টিটিউট এর বিষয়াদি ও কার্যাবলীর সাধারণ নির্দেশনা ।-

(১) এই আইনের অধীনে প্রণীত বিধি ও প্রবিধান সাপেক্ষে, ইনস্টিটিউট এর সাধারণ বিষয়াদি ও কার্যাবলী পরিচালনা একটি বোর্ডের উপর ন্যস্ত থাকিবে যাহার সরকার কর্তৃক জারীকৃত নীতি নির্দেশনার আওতায় ইনস্টিটিউট এর নীতি নির্ধারণ ও বাস্তবায়ন এবং কার্যাবলী সম্পাদনে পূর্ণ কর্তৃত্ব থাকিবে।

(২) পূর্বোক্ত বিধানাবলী সামগ্রিকভাবে ক্ষুন্ন না করিয়া বোর্ড এর বিশেষভাবে নিম্নরূপ ক্ষমতা থাকিবে-

(ক) ইনস্টিটিউট এর কার্যাবলীর উপর সাধারণ তত্ত্বাবধায়ন;

(খ) বিস্তৃত রূপরেখায় ইনস্টিটিউট এর গবেষণাক্রম অনুমোদন;

(গ) সরকার এবং অন্যান্য দাতা সংস্থা হইতে অনুদানের জন্য অনুরোধ এবং উক্তরূপ অনুদান গ্রহণ;

(ঘ) সরকারের অনুমোদন সাপেক্ষে ইহার প্রয়োজনের ব্যাপকতা বিবেচনায় কোন উৎস হইতে অর্থ ঋণ গ্রহণ করিতে পারিবে;

(ঙ) চূড়ান্ত অনুমোদনের জন্য সরকারের নিকট বাজেট উপস্থাপনের লক্ষ্যে বাজেট অনুমোদন এবং ইনস্টিটিউটের উদ্দেশ্য পূরণকল্পে সরকারের নিকট হইতে তহবিল সংগ্রহ;

৬। ইনস্টিটিউটের তহবিল।-

ইনস্টিটিউটের একটি নিজস্ব তহবিল থাকিবে। যাহার উৎস হইবে -

(ক) সরকার প্রদত্ত মঞ্জুরী ও অনুদান;

(খ) সরকারের নিকট হইতে প্রাপ্ত ঋণ;

(গ) স্থানীয় কর্তৃপক্ষের প্রদত্ত অনুদান;

(ঘ) দেশী/বিদেশী উন্নয়ন সহযোগী সংস্থার নিকট হইতে অনুদান; এবং

(ঙ) নিজস্ব আয়।

৭। কাউন্সিলের কতিপয় নির্দেশনা, ইত্যাদির কার্যকারিতা প্রদান ।-

এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, ইনস্টিটিউট বা ইহার দায়িত্ব পালনকারী প্রত্যেক ব্যক্তি বা সংস্থা কর্তৃক কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে নিশ্চিত করিবে যে-

(ক) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন, ২০১২ (২০১২ সনের ১৩নং আইন) এর **ধারা ৯ বা ধারা ১৬** এর অধীনে বা অনুসারে কাউন্সিল কর্তৃক জারীকৃত নির্দেশনা মান্য করা হইয়াছে; এবং

(খ) উক্ত বিধানাবলীর অধীন অথবা অনুসারে কাউন্সিল প্রদত্ত সুপারিশ বা বাতিলাদেশ অথবা পরামর্শ যথাসম্ভব কার্যকর করা হইয়াছে;

তবে শর্ত থাকে যে, ইনস্টিটিউটের মতানুসারে যদি অনুরূপ কোন সুপারিশ বা পরামর্শ বা উহার কোন অংশবিশেষ কার্যকর করা সম্ভব না হয়, তাহা হইলে-

(১) ইনস্টিটিউট অনতিবিলম্বে কারণসহ ইহার মতামত কাউন্সিলকে অবহিত করিবে, এবং

(২) উক্ত মতামত বিবেচনাক্রমে কাউন্সিল ইহার পূর্বের সুপারিশ বা পরামর্শ সংশোধন বা বাতিল করিতে পারিবে বা একই বিষয়ে নতুন সুপারিশ বা পরামর্শ জারি করিতে পারিবে:

তবে আরও শর্ত থাকে যে, অনুরূপভাবে সংশোধিত বা নতুনভাবে জারিকৃত সুপারিশ বা ক্ষেত্রমতে, দফা (ক) এর অধীন নির্দেশনা হিসাবে গণ্য হইবে এবং তদানুসারে উহা পালন করিতে হইবে।

৮। বোর্ড এর গঠন।-
(১) নিম্নলিখিত সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথাঃ-

(ক) মহাপরিচালক, পদাধিকার বলে, যিনি বোর্ডের চেয়ারম্যানও হইবেন;

(খ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত ইনস্টিটিউট বহির্ভূত দুইজন প্রখ্যাত বিজ্ঞানী, যাহাদের একজন যে কোন সমাজ বিজ্ঞান এবং অন্যজন ইনস্টিটিউটের বৈশিষ্ট্যের সহিত সংশ্লিষ্ট কোন বিষয়ে বিজ্ঞানী হইবেন;

(গ) কাউন্সিল কর্তৃক মনোনীত ইহার একজন প্রতিনিধি;

(ঘ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের একজন প্রতিনিধি যাহার পদমর্যাদা পরিচালকের নিম্নে নয়;

(ঙ) ইনস্টিটিউট এর পরিচালকগণ, পদাধিকার বলে;

(চ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত ইনস্টিটিউটের দুইজন জ্যেষ্ঠ বিজ্ঞানী;

(ছ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত দুইজন প্রতিনিধি যাহাদের একজন কৃষকদের মধ্য হইতে এবং অন্যজন ইনস্টিটিউট সদৃশ কার্যাবলী সম্পাদনকারী বেসরকারী সংগঠন সমূহের এর মধ্য হইতে প্রতিনিধি হইবেন; এবং

(জ) উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয় এমন দুইজন প্রতিনিধি যাঁহাদের একজন কৃষি মন্ত্রণালয় কর্তৃক এবং অন্যজন অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক যথাক্রমে মনোনীত হইবেন।

(২) ইনস্টিটিউট এর প্রশাসনের দায়িত্ব নিয়োজিত পরিচালক বোর্ড এর সচিবের দায়িত্ব পালন করিবেন।

৯। সদস্য পদের মেয়াদ, পদত্যাগ ইত্যাদি।-
(১) ধারা ৮ক এর উপ-ধারা (১) এর দফা (ছ) এ উল্লিখিত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে তিন বৎসর স্বীয় পদে বহাল থাকিবেন;

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান বরাবর লিখিতভাবে অনুরূপ কোন সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(২) কোন ব্যক্তির সদস্য পদের অবসান হইবে, যদি তিনি-

(ক) মৃত্যুবরণ করেন; বা

(খ) ধারা ৮ক এর উপ-ধারা (১) এর দফা (ছ) এ উল্লিখিত সদস্য, যদি তিনি-

(১) এই ধারার উপ-ধারা (১) এর শর্তের আওতায় তাহার সদস্য পদ ত্যাগ করেন; বা
(২) এই ধারার উপ-ধারা (১) এর অধীন তাহার সদস্য পদের মেয়াদ উত্তীর্ণ হয়; বা
(৩) চেয়ারম্যানের অনুমতি ব্যতিরেকে একাধিক্রমে বোর্ড এর তিনটি সভায় অনুপস্থিত থাকেন; বা

(গ) কোন এখতিয়ার সম্পন্ন আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত হন; বা

(ঘ) দেউলিয়াত্ব হইতে অব্যাহতি প্রাপ্ত না হন; বা

(ঙ) নৈতিক স্খলনজনিত ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন তিনমাসের কারাদন্ড অথবা অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদন্ডে দন্ডিত হন এবং তার মুক্তির পর বা ক্ষেত্রমত অর্থদন্ড আদায়ের পর দুই বৎসর অতিবাহিত না হয়।

১০। **বোর্ড সভা।-**

(১) বোর্ড এর সচিব, চেয়ারম্যানের সহিত আলোচনাক্রমে প্রতি বছর তিন মাসে কমপক্ষে একবার বোর্ড এর সভা আহবান করিবেন; তবে যতবার প্রয়োজন হইবে ততবার সভা আহবান করা যাইবে;

(২) বোর্ড এর সভা অনুষ্ঠিত হওয়ার অন্তত চৌদ্দ দিন পূর্বে নোটিশ প্রদান করিতে হইবে এবং উক্ত নোটিশে সভার তারিখ, সময় ও স্থান উল্লেখ করিয়া বোর্ডের সচিবের স্বাক্ষরে প্রেরণ করিতে হইবে;

(৩) চবিবশ ঘন্টার নোটিশে জরুরী সভা আহবান করা যাইবে;

(৪) চেয়ারম্যান বোর্ড এর সকল সভায় সভাপতিত্ব করিবেন; এবং যদি কোন কারণে তিনি কোন সভায় সভাপতিত্ব করিতে অপারগ হন, তাহা হইলে উপস্থিত সদস্যগণ কর্তৃক নির্বাচিত কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন;

(৫) চারজন সদস্য সমন্বয়ে সভার কোরাম গঠিত হইবে;

(৬) সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সকল বিষয়ে সিদ্ধান্ত হইবে;

(৭) প্রত্যেক সদস্যের একটি ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে চেয়ারম্যান এর একটি নির্ণায়ক ভোট থাকিবে।

১১। **মহাপরিচালক।-**

(১) ইনস্টিটিউট এর একজন মহাপরিচালক থাকিবেন, যিনি সরকার কর্তৃক নির্ধারিত শর্তে নিযুক্ত হইবেন;

(২) মহাপরিচালক একজন সার্বক্ষণিক কর্মকর্তা এবং ইনস্টিটিউট এর প্রধান নির্বাহী হইবেন।

১২। **মহাপরিচালক এর ক্ষমতা ও কার্যাবলী।-**

(১) বোর্ড এর অনুমোদন সাপেক্ষে মহাপরিচালক এর নিম্নবর্ণিত ক্ষমতা থাকিবে -

(ক) বার্ষিক বাজেট তৈরী;

(খ) ইনস্টিটিউট এর বিধান ব্যবস্থা থাকা সাপেক্ষে, ইনস্টিটিউট এর রক্ষণাবেক্ষণের জন্য ক্রয় বা অন্যভাবে স্থাবর বা অস্থাবর সম্পত্তি অর্জন;

(গ) ইনস্টিটিউট এর ভবন বা ইহার জন্য ভবন নির্মাণ বা সংস্কার; এবং

(ঘ) কোন ব্যাংকে আমানতের হিসাব খোলা এবং সময়ে সময়ে বোর্ড এর সিদ্ধান্ত অনুসারে উহার পরিচালন;

(২) মহাপরিচালক বোর্ড কর্তৃক নির্ধারিত অন্যান্য ক্ষমতা প্রয়োগ বা কার্যাবলী সম্পাদন এবং দায়িত্ব পালন করিবেন।

১৩। **ইনস্টিটিউট এর কমিটিসমূহ।-**

(১) বোর্ড কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন এবং মহাপরিচালক এর তাহার কার্যাবলী সম্পাদনে সহায়তা করিবার নিমিত্ত বোর্ড সময়ে সময়ে প্রয়োজনীয় কমিটি নিয়োগ করিতে পারিবে।

(২) প্রত্যেক কমিটি একজন চেয়ারম্যানের নেতৃত্বে এবং বোর্ড কর্তৃক নির্ধারিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে।

(৩) কমিটির চেয়ারম্যান ও সদস্যগণ বোর্ড কর্তৃক নির্ধারিত মেয়াদের জন্য তাহাদের পদে বহাল থাকিবেন।

১৪। উপদেষ্টা, পরামর্শক, পরিচালক, কর্মকর্তা নিয়োগ।-
ইনস্টিটিউট এর কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য-

(ক) সরকার প্রয়োজনীয় সংখ্যক পরিচালক তদকর্তৃক নির্ধারিত শর্তে সময়ে সময়ে নিয়োগ করিতে পারিবে;

(খ) বোর্ড প্রয়োজনীয় সংখ্যক উপদেষ্টা, পরামর্শক, কর্মকর্তা এবং অন্যান্য কর্মচারী তদকর্তৃক নির্ধারিত শর্তে সময়ে সময়ে নিয়োগ করিতে পারিবে;

(গ) বোর্ড গবেষণার প্রয়োজনে সময়ে সময়ে অস্থায়ী পদ সৃজন করিতে পারিবে।

১৫। নিরীক্ষা।-

(১) **ইনস্টিটিউট যথাযথভাবে উহার হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে;**

(২) **বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহাহিসাব নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর ইনস্টিটিউটের হিসাব নিরীক্ষা প্রতিবেদনের একটি করিয়া অনুলিপি সরকার ও ইনস্টিটিউটের নিকট পেশ করিবেন;**

(৩) উপধারা **(২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহাহিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ইনস্টিটিউটের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং ইনস্টিটিউটের কোন সদস্য, কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পরিবেন;**

(৪) মহাপরিচালক নিরীক্ষা প্রতিবেদনে চিহ্নিত দোষ-ত্রুটি বা অনিয়ম প্রতিকার করিবার জন্য অনতিবিলম্বে পদক্ষেপ গ্রহণ করিবেন।

১৬। জনসেবক, ইত্যাদি।-

(১) ইনস্টিটিউটের মহাপরিচালক, উপদেষ্টা, পরিচালক, অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী যখন এই আইনের কোন বিধান বা তদধীন প্রণীত বিধি বা প্রবিধানের অধীন কোন কার্য করিলে বা করিবার উদ্যোগ নিলে তাহারা দন্ড বিধি, ১৮৬০ (১৮৬০ সনের ৪৫) এর ধারা ২১-এ বিবৃত অর্থে জনসেবক বলিয়া গণ্য হইবেন।

(২) ইনস্টিটিউট দোকান ও স্থাপনা আইন, ১৯৬৫ (১৯৬৫ সনের ৭) কারখানা আইন, **১৯৬৫ (১৯৬৫ সনের ইপি অ্যাক্ট ৪)** বা শিল্প বিষয়ক অধ্যাদেশ, **১৯৬৫ (১৯৬৫ সনের অধ্যাদেশ ২৩)** এর অর্থ অনুযায়ী ''দোকান'' বা ''বাণিজ্যিক স্থাপনা'' বা ''শিল্প কারখানা'' বা ''শিল্প'' হিসাবে গণ্য হইবে না।

১৭। সাবেক পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট এর বোর্ড অব গভর্নরস এর বিলোপ।-
এই আইন কার্যকর হইবার সাথে সাথে সোসাইটিস নিবন্ধন আইন, ১৮৬০ (১৮৬০ সনের ২১) এর অধীন নিবন্ধিত সাবেক পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, ঢাকা এর বোর্ড অব গভর্নরস, উক্ত আইনে যাহা কিছুই থাকুক না কেন বিলুপ্ত হইয়া যাইবে এবং অনুরূপ বিলুপ্তির পর-

(ক) সাবেক পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট এর বোর্ড অব গভর্নরস এর সকল সম্পদ তাৎক্ষণিক ইনস্টিটিউট এ স্থানান্তরিত এবং ন্যস্ত হইবে;

(খ) সাবেক পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট এর বোর্ড অব গভর্নরস এর এইরূপ দায়সমূহ বা দায়সমূহের শ্রেণি, সরকার এর নির্দেশনা অনুসারে ইনস্টিটিউট এর দায় হিসাবে পরিগণিত হইবে। তবে শর্ত থাকে যে, সরকার এইরূপ যে কোন দায় বা দায়সমূহের শ্রেণির পরিমাণ এইরূপ যাহা সরকার তদ্‌কর্তৃক যথাযথ বিবেচনায় হ্রাস করিতে পারিবে।

(গ) সরকার তদকর্তৃক যথাযথ বিবেচিত হইলে সাবেক পূর্ব পাকিস্তান ধান গবেষণা ইনস্টিটিউট এর বোর্ড অব গভর্নরস এর কর্মকর্তা, কর্মচারী, স্টাফ, পরামর্শক ও উপদেষ্টাগণকে আদেশ দ্বারা সরকার নির্ধারিত শর্তে ইনস্টিটিউটে বদলী করিতে পারিবে।

১৮। বিধি প্রণয়নের ক্ষমতা।-
এই আইনে বিধানসমূহ কার্যকর করার উদ্দেশ্যে সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা সরকার বিধি প্রণয়ন করিতে পারিবে।

১৯। প্রবিধান প্রণয়নের ক্ষমতা।-

(১) বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে যে সকল বিষয়ে প্রবিধান প্রয়োজনীয় বা এই আইনের বিধিসমূহ দ্রুত কার্যকরীর লক্ষ্যে এই আইন ও বিধির পরিপন্থী নয় এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

(২) এই ধারার অধীন প্রণীত সকল প্রবিধান সরকারি গেজেটে প্রকাশ করিতে হইবে এবং এইরূপ প্রকাশনা দ্বারা বলবৎ হইবে।

২০। প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা।-
ইনস্টিটিউট ইহার বিজ্ঞানী ও কর্মকর্তাদের জন্য সরকারের বিধিবিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় দেশী এবং বৈদেশিক প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে। ধান গবেষণা ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য সংশ্লিষ্ট বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিক, কৃষক এবং বেসরকারি প্রতিনিধিকে সম্মাননা/পুরস্কার প্রদান করিতে পারিবে।

২১। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ।-
এই আইন, বিধি বা প্রবিধানের অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজকর্মের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা হওয়ার সম্ভাবনা থাকিলে তজ্জন্য সরকার, ইনস্টিটিউট, বা উক্ত কাজকর্ম সম্পাদনকারী ব্যক্তির বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

২২। রহিতকরণ ও হেফাজত।-
এই আইন বলবৎ হওয়ার সঙ্গে সঙ্গে আপাতত বলবৎ অন্য কোন আইন, বিধিবিধান, সম্মতি বা চুক্তিতে যাহা কিছুই থাকুক না কেন প্রারম্ভিকভাবে **The Bangladesh Rice Research Institute Act, 1973 (Act No. X of ১৯৭৩)** এবং **The Bangladesh Rice Research Institute (Amendment) Ordinance, 1996** এতদ্বারা রহিত করা হইল এবং রহিত হইবার অব্যবহিত পূর্বে বিলুপ্ত কর্তৃপক্ষ-

ক) এর সকল স্থাবর-অস্থাবর সম্পত্তি নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং এতদসংক্রান্ত সকল দাবী ও অধিকার "বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউ আইন, ২০১৬" এর অধীনে গঠিত ইনস্টিটিউট এর নিকট হস্তান্তরিত হইবে এবং এ ইনস্টিটিউট উহার অধিকারী হইবে;

খ) এর সকল ঋণ দায়-দায়িত্ব "বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৬" এর অধীনে গঠিত ইনস্টিটিউটের উপর বর্তাইবে;

গ) এর কর্তৃক দায়েরকৃত মামলা-মোকদ্দমা "বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৬" এর অধীনে গঠিত ইনস্টিটিউট কর্তৃক দায়েরকৃত মামলা-মোকদ্দমা বলিয়া গণ্য হইবে;

ঘ) এর সকল কর্মচারী কোন চুক্তি দলিল বা চাকুরিতে শর্তে যা কিছুই থাকুক না কেন "বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৬" এর অধীনে গঠিত ইনস্টিটিউটের কর্মচারী হিসেবে চাকুরিতে নিয়োজিত থাকিবেন এবং এরূপ নিয়োজিত হইবার পূর্বে তাহারা যেই শর্তে চাকুরিতে নিয়োজিত ছিলেন "বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৬" এর অধীনে গঠিত ইনস্টিটিউট কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত তাহারা সেই একই শর্তে ইনস্টিটিউট এর চাকুরিতে নিয়োজিত থাকিবেন;

ঙ) **The Bangladesh Rice Research Institute Act, 1973 (Act No. X of ১৯৭৩)** এবং **The Bangladesh Rice Research Institute (Amendment) Ordinance, 1996** রহিত হওয়া সত্ত্বেও রহিত আইনের অধীনে কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।